সমকাল

তারিখ ..14 FEB 2016...
পৃষ্ঠা ...8... কলাম ...1...

# এমপিওভুক্তির দাবিতে আজ থেকে ক্লাস বর্জন শিক্ষকদের

■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্তির দাবিতে শিক্ষকরা আজ রোববার থেকে ক্লাস বর্জন কর্মসূচি পালন করবেন। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সৃষ্ট পদে নিয়োগপ্রাপ্ত নন-এমপিও বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদের সভাপতি প্রদীপ চন্দ্র রায় শনিবার এ তথ্য জানান।

তিনি বলেন, পনেরো হাজার শিক্ষক বৈধভাবে নিয়োগ পেয়েও পাঁচ বছর ধরে এমপিওভুক্ত হতে পারছেন না। এতে বাধা হয়ে দাঁড়িয়েছে ২০১১ সালের ১৩ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা একটি পরিপত্র। ওই পরিপত্রে শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন-ভাতা পরিশোধ করার কথা বলা হয়েছে। দীর্ঘদিন ধরে তারা এ পরিপত্র বাতিল করে এমপিওভুক্তির দাবি জানিয়ে আসছেন।

প্রদীপ চন্দ্র বলেন, দাবি পূরণে গতকাল পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত না আসায় পূর্ব ঘোষণা অনুযায়ী আজ থেকে শিক্ষকরা ক্লাস বর্জন কর্মসূচি পালন করবেন। এরপরও কোনো উদ্যোগ নেওয়া না হলে ২২ ফেব্রুয়ারি থেকে আমরণ অনশন কর্মসূচি পালন করা হবে।

গত ৬ ফেব্রুয়ারি সংবাদ সম্মেলনে ঐক্য পরিষদ জানায়, ১৩ ফেব্রুয়ারির মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র বাতিল করে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তিতে উদ্যোগ নেওয়ার দাবি জানিয়েছিলেন।

ক্লাস বর্জন কর্মসূচির কারণে সারাদেশে প্রায় সাড়ে ২৮ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের কয়েক লাখ শিক্ষার্থীর লেখাপড়া বিঘ্নিত হতে পারে বলে ঐক্য পরিষদের পক্ষ থেকে জানানো হয়।